

প্রযুক্তির নাম: এরোপনিক পদ্ধতিতে মানসম্পন্ন বীজ আলু (মিনি টিউবার) উৎপাদন।

প্রযুক্তির ছবি:



চিত্র: এরোপনিক পদ্ধতিতে মানসম্পন্ন মিনি টিউবার উৎপাদন

বিস্তারিত বিবরণ:

প্লান্টলেট হার্ডেনিং ও প্ল্যাটফর্মে স্থাপন

এরোপনিক্স কাঠামোতে লাগানোর জন্য টিস্যু কালচার পদ্ধতিতে উৎপাদিত সুস্থ সবল প্লান্টলেট বাছাই করার পর প্লান্টলেটের সাথে যুক্ত মিডিয়া অপসারণ করা হয়। তারপর প্লান্টলেটগুলোকে ছত্রাকনাশকের (ডাইথেন এম ৪৫@০.২৫) দ্রবণে ৪-৫ মিনিট রেখে জীবানুমুক্ত করা হয়। এই প্লান্টলেটগুলো পরবর্তীতে জীবানুমুক্ত বালি ভর্তি হার্ডেনিং ট্রেতে স্থাপন করে দুই সপ্তাহ রেখে পর্যাপ্ত শিকড় সৃষ্টির পর তা এরোপনিক্স প্ল্যাটফর্মে স্থাপন করতে হবে। এটি একটি সয়ংক্রিয় পদ্ধতি যার মাধ্যমে নিওট্রিয়েন্ট সলিউশন ট্যাংকি হতে নির্দিষ্ট সময় পরপর প্লান্টলেটের শিকড়ে খুমায়িত পদ্ধতিতে নির্দিষ্ট সময় স্প্রে করবে এবং পরে তা রিসাইক্লিং হয়ে আবার ট্যাংকিতে জমা হবে।

নিওট্রিয়েন্ট সলিউশন ট্যাংকিতে মেশানোর পদ্ধতি/ মাত্রা

প্রতি ১০০ লি. দ্রবন তৈরি করতে ৫০০ মি.লি. স্টক সলিউশন 'এ' (ম্যাক্রো-নিওট্রিয়েন্ট) এবং ২০০ মি.লি. স্টক সলিউশন 'বি' (ম্যাইক্রো-নিওট্রিয়েন্ট) ট্যাংকিতে মেশানো লাগবে।

প্রযুক্তি কার্যকরে অন্যান্য সহায়ক তথ্যঃ

১. নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ থাকতে হবে।
২. গ্রীন হাউজ সুবিধা থাকতে হবে।
৩. দক্ষকর্মী ও ভালমানের রাসায়নিক উপাদান নিশ্চিত করতে হবে।

গ্রীন হাউজ উৎপাদনের তথ্যঃ

৪.৫ মি. x ১.৫ মি. x ১.২ মি. এরোপনিক কাঠামোতে এক মৌসুমে প্রায় ২০ থেকে ৩০ কেজি মিনি টিউবার উৎপাদন সম্ভব।

বৈশিষ্ট্যসমূহ:

১. ভাইরাস ও মাটিবাহিত রোগমুক্ত মিনি টিউবার উৎপাদন।
২. সারা বছরব্যাপী মানসম্পন্ন মিনি টিউবার উৎপাদন।
৩. প্রচলিত টিস্যুকালচার পদ্ধতিতে উৎপাদিত মিনি টিউবারের তুলনায় ১৫-২০ গুন বেশী মিনি টিউবার উৎপাদন করা যায়।
৪. ক্রমাগত মিনি টিউবার সংগ্রহের কারণে অধিক উৎপাদন ও বীজের আকার নিয়ন্ত্রন করা যায়।